West Bengal State University

B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2012

PART-II

বাংলা - সাম্মানিক

তৃতীয় পত্র

Duration : 4 Hours | Full Marks : 100

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক ।

১. মিশ্রকলাবৃত্ত (অক্ষরবৃত্ত বা তান প্রধান) ছন্দের প্রকৃতি এবং বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ বুঝিয়ে দিন। 12

অথবা

যে-কোনো **দুটি** বিষয়ে টীকা লিখুন ঃ $2 \times 6 = 12$

যতি, মুক্তক ছন্দ, অমিত্রাক্ষর ছন্দ, পর্ব ।

২. যে কোনো **দুটি** অংশের ছন্দোলিপি রচনা করুন ঃ $2 \times 4 = 8$

ক) গোধূলির রঙে আজ গোটারাত দহন বিধুর
প্রতিদিন লিপি থেকে আজকের রাতখানা বেবাক লোপাট
এরকম অতমস রাত্রির কোনো কাহিনি ইতিহাসে নেই
অথচ এ রাত্রি আদৌ অনৈতিহাসিক নয়

খ) এদিকে এক অন্য ছোঁড়া, ইতস্তত
ঢেউ তোলে যে শস্তা চায়ের গুলতানিতে,
ঠাট্টা করে হাসতে গিয়ে অতর্কিতে
ভাবে : আরে! লোকটা যে ঠিক আমার মতো !

গ) আজু রজনী হাম ভাগে পোহায়লুঁ
পেখলুঁ পিয়ামুখ চন্দা
জীবন যৌবন সফল করি মানলুঁ
দশদিশ ভেল নিরদন্দা

ঘ) শুধু কবিতার জন্য এই জন্ম, শুধু কবিতার
জন্য কিছু খেলা, শুধু কবিতার জন্য একা হিম সন্ধ্যাবেলা
ভুবন পেরিয়ে আসা, শুধু কবিতার জন্য
অপলক মুখশ্রীর শান্তি এক ঝলক ;

৩. রূপক অলংকারের সংজ্ঞা লিখুন। এই অলংকারের বিভিন্ন বিভাগগুলি উদাহরণসহ আলোচনা করুন। 12

অথবা

যে কোনো **দুটি** অলংকারের উদাহরণসহ ব্যাখ্যা করুন ঃ $2 \times 6 = 12$

বক্রোক্তি, ব্যতিরেক, ব্যাজস্তুতি, উৎপ্রেক্ষা

৪. যে কোনো **দুটি** উদ্ধৃতির অলংকার নির্ণয় করুন ঃ $2 \times 4 = 8$

ক) তরল তব সজল দিঠি মেঘের চেয়ে কালো।

খ) শীতের ওঢ়নী পিয়া গীরিষির বা।
বরিষার ছত্র পিয়া দরিয়ার না।

গ) পূরব দুয়ারে নীল ভৈরব মূরতি
বৃথা নিদ্রাদেবী তথা সাধিছেন তারে।

ঘ) এখানে হাওয়ায় যেন ভালোবাসা বীজ হয়ে আছে।

ঙ) এখানে শহর চঞ্চলতায় প্রগলভ।

৫. গৌরচন্দ্রিকা কাকে বলে ? গৌরাঙ্গ বিষয়ক সমস্ত পদকেই কি গৌরচন্দ্রিকা বলা চলে ? পাঠ্য পদ অবলম্বনে রাধা-কৃষ্ণ লীলাশ্রিত পদাবলীর ক্ষেত্রে গৌরচন্দ্রিকার গুরুত্ব আলোচনা করুন। 4 + 4 + 7

অথবা

জ্ঞানদাস চণ্ডীদাসের এবং গোবিন্দদাস বিদ্যাপতির ভাবশিষ্য হিসাবে পরিচিত। এই পরিচিতির কারণগুলি কি ? এ প্রসঙ্গে দৃষ্টান্ত দিয়ে দেখান কোন দিক থেকেই বা তাঁরা স্বতন্ত্র। 4 + 4 + 7

৬. গিরিরাজ পুরুষ এবং গিরিরাণী নারী বলেই তাঁদের সন্তান-স্নেহের প্রকাশ ভিন্ন, চিন্তাধারাও ভিন্ন — আগমনী ও বিজয়ার পদ অবলম্বনে উক্ত মন্তব্যের তাৎপর্য পরিস্ফুট করুন। 15

অথবা

'ভক্তের আকুতি' পর্যায়ের বৈশিষ্ট্য কী ? শক্তিসাধক রামপ্রসাদের সাধনার স্বরূপ এবং রচনার কাব্যমূল্য নিরূপণ করুন।

৭. 'দাম্পত্য জীবনের নানা ঘটনায়, সংসারের অভাবে ও দারিদ্র্যে, কোন চরিত্রের শঠতায় কিংবা কৃতঘ্নতায় কবি আবিষ্কার করেন হাস্যরসের ফল্গুধারাকে।' উক্ত মন্তব্যের আলোকে কবিকঙ্কণ চণ্ডীর কালকেতু আখ্যানে হাস্যরসকে সম্যকভাবে পরিস্ফুট করুন। 15

অথবা

'বণিকসহ কালকেতুর কথোপকথন' ও 'কালকেতুর অঙ্গুরী বিক্রয়' অংশ অবলম্বনে মুরারি শীল চরিত্রটির পরিচয় দিন।

৮. সখি কি পুছসি অনুভব মোয়

সোই পিরিতি অনু- রাগ বাখানিতে

তিলে তিলে নূতন হোয় ।।

— কোন্ পর্যায়ের পদ ? পদকর্তা কে ? অংশটির তাৎপর্য ব্যাখ্যা করুন। 1 + 1 + 3

অথবা

এ সখি হামারি দুখের নাহি ওর।

এ ভরা বাদর মাহ ভাদর

শূন্য মন্দির মোর।

— কোন্ রস পর্যায়ের অন্তর্গত ? পদকর্তা কে ? তাৎপর্য ব্যাখ্যা করুন। 1 + 1 + 3

৯. যদি এসে মৃত্যুঞ্জয়, উমা নেবার কথা কয় —

এবার মায়ে-ঝিয়ে করবো ঝগড়া জামাই বলে মানব না।

— পদকর্তা ও পর্যায়ের নাম উল্লেখ করে উদ্ধৃত অংশের তাৎপর্য ব্যাখ্যা করুন। 1 + 1 + 3

অথবা

হৃদি-পদ্ম উঠবে ফুটে, মনের আঁধার যাবে ছুটে

তখন ধরাতলে পড়বো লুটে, তারা বলে হব সারা ।।

— কোন্ পর্যায়ের পদ ? পদকর্তা কে ? উদ্ধৃত অংশের তাৎপর্য ব্যাখ্যা করুন। 1 + 1 + 3

১০. কহিতে জানিস বেটা কপট প্রবন্ধ।

হৃদয়ে পূরিত বিষ মুখে মকরন্দ ।।

কার উদ্দেশ্যে কে একথা বলেছে ? উক্তিটির নিহিতার্থ ব্যাখ্যা করুন। 2 + 3

অথবা

বামন হইয়া হাত বাড়াইলে শশী।

আখেটীর ঘরে শোভা পাইবে উর্বশী ।।

— কার উক্তি ? উক্তিটির তাৎপর্য লিখুন । 1 + 4

West Bengal State University

B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2012

PART-II

বাংলা - সাম্মানিক

চতুর্থ পত্র

Duration : 4 Hours | Full Marks : 100

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয় ।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক ।

১. সামাজিক নাটকের সংজ্ঞা লিখুন ও তার বৈশিষ্ট্যগুলি উল্লেখ করুন। একটি সার্থক সামাজিক নাটকের পরিচয় দিন।

4 + 6 + 10

অথবা

যে-কোনো **দুটি** বিষয় সম্পর্কে আলোচনা করুন ঃ 2 × 10 = 20

ক) ট্রাজেডি

খ) অ্যাবসার্ড নাটক

গ) মেলোড্রামা

ঘ) রূপক-সাংকেতিক নাটক ।

. নাট্যনিয়ন্ত্রণ বিল পেশ হওয়ার পূর্ব পর্যন্ত বাংলায় যে-সব রঙ্গমঞ্চের সূচনা হয় সংক্ষেপে তার পরিচয় দিন। 20

অথবা

যে-কোনো **দুটি** বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন ঃ 2 × 10 = 20

ক) ন্যাশানাল থিয়েটার (২য় পর্ব)

খ) বেলগাছিয়া নাট্যশালা

গ) নবীনচন্দ্র বসুর শ্যামবাজার থিয়েটার

ঘ) জোড়াসাঁকো নাট্যশালা ।

৩. ক) 'একেই কি বলে সভ্যতা ?' প্রহসনটি মধুসূদনের তীব্র সমাজসচেতনতার অব্যর্থ পরিচয়বহ। — আলোচনা করুন। 10

অথবা

খ) 'একেই কি বলে সভ্যতা ?' প্রহসনে সংলাপ রচনা যথাযথ হয়েছে কিনা দেখান।

৪. ক) 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনের বিষয়বস্তুর পরিচয় দিয়ে প্রহসন হিসাবে এর সার্থকতা বিচার করুন। 10

অথবা

খ) 'বুড় সালিকের ঘাড়ে রোঁ' প্রহসনে ভগ্ন শিবমন্দিরের গুরুত্ব ও তাৎপর্য আলোচনা করে দেখান।

৫. ক) 'মুক্তধারা' নাটকটি কোন শ্রেণির নাটক উপযুক্ত যুক্তি দিয়ে তা বোঝান। 15

অথবা

খ) "যন্ত্র ও জীবনের সংঘাতই মুক্তধারা নাটকের মুখ্য প্রাণবস্তু। এই দুই শক্তির রূপায়ণ হইয়াছে বিভূতি ও অভিজিৎ চরিত্রে।" — মন্তব্যটির যাথার্থ্য বিচার করুন।

৬. ক) একদিকে বেনিয়া মুৎসুদ্দিদের পৃষ্ঠপোষকতা অন্যদিকে সরকারের দমননীতি — এই দুইয়ের টানাপোড়েনে একসময় বাংলা রঙ্গমঞ্চ যে গভীর সংকটের মুখোমুখি হয়েছিল, 'টিনের তলোয়ার' নাটক তারই রূপায়ণ — আলোচনা করুন। 15

অথবা

খ) 'টিনের তলোয়ার' নাটকের বেণীমাধব চরিত্রের পরিচয় দিন।

৭. ক) "দুখিনীর একটি কথা রেখো — যখন তার দেখা পাবে বোলো মা তার জন্যে পথ চেয়ে আছে।" দুখিনী কে ? কার পথ চেয়ে সে বসে আছে ? তার দুঃখের পরিচয় দিন। 1 + 1 + 3

অথবা

" আমারে পাড়ায় পাড়ায় খেপিয়ে বেড়ায় কোন খ্যাপা সে " — গানটি কে কখন গেয়েছে ? গানটির তাৎপর্য ব্যাখ্যা করুন। 2 + 3

খ) " আমি কলকেতার তলায় থাকি " — কার প্রতি কার উক্তি ? উক্তিটির অর্থ বুঝিয়ে দিন। 1 + 1+ 3

অথবা

'টিনের তলোয়ার' নাটকের প্রথমেই কোন্ নাট্যগোষ্ঠীর পোস্টার সাঁটা হচ্ছে ? কার লেখা কোন্ নাটকের বিজ্ঞাপন ? কে পোস্টার সাঁটার ব্যবস্থা করেছিল ? সে কোন্ নামে তার দলের কাছে বিশেষভাবে পরিচিত ?

1 + 2 + 1 + 1